

ব্রিকস (BRICS) এনএসএ (NSA-জাতীয় নিরাপত্তা উপদেষ্টা)-এর বৈঠক অবকাশে ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টার সঙ্গে চিনা প্রতিপক্ষের বৈঠকটি অনুষ্ঠিত হয়েছে

সেপ্টেম্বর 12, 2024

১২ সেপ্টেম্বর ২০২৪ তারিখে রাশিয়ার সেন্ট পিটার্সবার্গে ব্রিকসের (BRICS) উচ্চপদস্থ নিরাপত্তা কর্মকর্তাদের বৈঠকের পাশাপাশি ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা (NSA) শ্রীঅজিত ডোভাল, কেসি এবং চিন কমিউনিস্ট পার্টির (CPC) পলিটবুরোর সদস্য ও কেন্দ্রীয় পররাষ্ট্র কমিশনের পরিচালক মিঃ ওয়াং ই এর মধ্যে বৈঠক অনুষ্ঠিত হয়।

২. এই বৈঠক কার্যত প্রকৃত নিয়ন্ত্রণ রেখা (LAC) বরাবর অবশিষ্ট বিভিন্ন বিষয়গুলির দ্রুত সমাধানের প্রচেষ্টা পর্যালোচনা করার এক পরিসর তৈরি করে, যা দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে স্থিতিশীলতা এবং পুনর্নির্মাণের শর্ত তৈরি করবে বলে আশা করা যায়।

৩. উভয় পক্ষই অবশিষ্ট এলাকাগুলিতে সম্পূর্ণ বিচ্ছিন্নতা (disengagement) অর্জনের জন্য জরুরি ভিত্তিতে কাজ করতে এবং তাদের প্রচেষ্টা দ্বিগুণ করার বিষয়ে সম্মতি প্রদান করেছে। ভারতের নিরাপত্তা উপদেষ্টা অত্যন্ত গুরুত্ব সহকারে বলেন যে সীমান্ত এলাকায় শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখা এবং LAC-এর প্রতি সম্মান দ্বিপাক্ষিক সম্পর্কের স্বাভাবিকতার জন্য অপরিহার্য। উভয় পক্ষকেই অতীতের দ্বিপাক্ষিক চুক্তি, প্রোটোকল এবং বোঝাপড়া সম্পূর্ণরূপে পালন করে চলতে হবে। ভারত-চিনা দ্বিপাক্ষিক সম্পর্ক শুধুমাত্র দুই দেশের জন্যই নয়, বরং অঞ্চল ও বিশ্বের জন্যও গুরুত্বপূর্ণ—এ ব্যাপারেও তারা সম্মতি প্রদান করে।

৪. বৈঠকে তারা বৈশ্বিক এবং আঞ্চলিক পরিস্থিতি নিয়েও পারস্পরিক মতামত বিনিময় করেছে।

সেন্ট পিটার্সবার্গ

সেপ্টেম্বর 12, 2024